বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
ফাইন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন
ট্রেনিং ডিপার্টমেন্ট
ইনভেস্টর এন্ড স্টেকহোল্ডার সেকশন
www.sec.gov.bd

ISLAMIC ARABIC UNIVERSITY, DHAKA
OFFICE OF THE REGISTRAR
R-3421

স্মারক নং-বিএসইসি/এফএলডি/ট্রেনিং/শর্ট ভিডিও/২০২৫/৫৯২ তারিখঃ ১৫ জুলাই ২০২৫

**বিষয়: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আয়োজনে সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি, পুঁজিবাজারে ঝুঁকি কমাতে এবং সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান বিষয়ক স্লোগান সম্বলিত সৃজনশীল শর্ট ভিডিও (১-২ মিনিট) প্রতিযোগিতা সম্পর্কে প্রচারের অনুরোধ প্রসঙ্গে।**

মহোদয়,
জুলাই-আগস্ট বিপ্লবে আত্মাহুতি দানকারী ছাত্র-জনতার স্মরণে ও সমৃদ্ধ পুঁজিবাজার বিনির্মাণে বাংলাদেশের যেকোন শিক্ষাপ্রতিষ্ঠানের স্নাতক ও স্নাতকোত্তর স্তরে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের নিয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আয়োজনে এবং ডিএসই, সিএসই, সিডিবিএল, বিএএসএম এবং বিআইসিএম এর সহায়তায় সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি, পুঁজিবাজারে ঝুঁকি কমাতে এবং সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান বিষয়ক স্লোগান সম্বলিত সৃজনশীল শর্ট ভিডিও (১-২ মিনিট) প্রতিযোগিতা গত ০১ জুলাই ২০২৫ ইং তারিখে শুরু হয়েছে। লিংকঃ http://finlitbd.com/bn/video-competition.php।

আলোচ্য প্রতিযোগিতার বিষয়ে আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও বিভিন্ন বিভাগের নোটিশ বোর্ড সমূহে প্রতিযোগিতা সংক্রান্ত বিজ্ঞাপনটি প্রচারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
প্রতিযোগিতা সংক্রান্ত বিজ্ঞাপন এর কপি উক্ত পত্রের সাথে সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, আলোচ্য শর্টভিডিও প্রতিযোগিতার বিষয়ে ব্যাপক প্রচারের নিমিত্তে জরুরি ভিত্তিতে আপনার শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞাপনটি প্রচারের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।


বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষে,

মোঃ শহিদুল ইসলাম
সহকারী পরিচালক, বিএসইসি
ইমেইলঃ shohid@sec.gov.bd
মোবাইল নংঃ ০১৫২১৪৯৬৭৩২

**বিতরণঃ**
১. সকল স্নাতক ও স্নাতকোত্তর স্তরের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১. চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি;
২. কমিশনার মহোদয়গণের দপ্তর, বিএসইসি;
৩. নির্বাহী পরিচালক (এফএলডি), বিএসইসি।


**সংযুক্তিঃ** বর্ণনামত



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)

সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি, পুঁজিবাজারে ঝুঁকি কমাতে এবং সচেতনতা বাড়াতে

# আর্থিক জ্ঞান বিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা



জুলাই-আগস্ট বিপ্লবে আত্মাহুতি দানকারী ছাত্র-জনতার স্মরণে ও সমৃদ্ধ পুঁজিবাজার বিনির্মাণে বাংলাদেশের যেকোন শিক্ষাপ্রতিষ্ঠানের স্নাতক ও স্নাতকোত্তর স্তরে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের নিয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) **সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি, পুঁজিবাজারে ঝুঁকি কমাতে এবং সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান বিষয়ক** স্লোগান সম্বলিত সৃজনশীল শর্ট ভিডিও (১-২ মিনিট) প্রতিযোগিতার আয়োজন করেছে।

**৩ ক্যাটাগরিতে ১ম, ২য়, ৩য় নিয়ে ০৯ টি পুরস্কার ও ১০ টি সান্ত্বনা/উৎসাহ পুরস্কার সহ মোট ১৯ টি পুরস্কার**

| ক্যাটাগরি | পুরস্কারের সংখ্যা | পুরস্কার মূল্য |
|---|---|---|
| সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি | ৩টি (১ম, ২য় ও ৩য়) | প্রতিটি প্রথম পুরস্কারঃ ৬০,০০০/- টাকা ও ক্রেস্ট |
| পুঁজিবাজারে ঝুঁকি | ৩টি (১ম, ২য় ও ৩য়) | প্রতিটি দ্বিতীয় পুরস্কারঃ ৪৫,০০০/- টাকা ও ক্রেস্ট |
| পুঁজিবাজারে সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান | ৩টি (১ম, ২য় ও ৩য়) | প্রতিটি তৃতীয় পুরস্কারঃ ৩০,০০০/- টাকা ও ক্রেস্ট |
| ১০ টি সান্ত্বনা/উৎসাহ পুরস্কার যার প্রতিটির মূল্য ১৫,০০০/- ও সনদ। | | |

**প্রতিযোগিতা শুরুর তারিখঃ ০১-০৭-২০২৫ ইং**

**ভিডিও জমা দেওয়ার তারিখঃ ১৬-০৭-২০২৫ ইং থেকে ৩০-০৭-২০২৫ ইং পর্যন্ত।**

রেজিস্ট্রেশন, ভিডিও প্রস্তুতের ক্ষেত্রে নির্দেশনা ও মুল্যায়ন পদ্ধতি সহ বিস্তারিত বিজ্ঞপ্তি জানতে,

**ক্লিক করুনঃ** http://finlitbd.com/bn/video-competition.php **অথবা স্ক্যান করুন**

**আয়োজকঃ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)**

সহায়তায়ঃ ডিএসই, সিএসই, সিডিবিএল, বিএএসএম ও বিআইসিএম